গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সম্পাদকীয়'র সারসংক্ষেপ গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা : ৩৩/২০১৭

ঢাকা, সোমবার ১৩ ফেব্রুয়ারি ২০১৭, ১ ফাল্গুন ১৪২৩

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। সততার শক্তি ছিল বলেই চ্যালেঞ্জ নিয়েছিলাম : পদ্মা সেতু প্রসঙ্গে প্রধানমন্ত্রী

২। এলসি খোলার ক্ষেত্রে ব্যাংকগুলোকে সতর্ক থাকার পরামর্শ বাণিজ্যমন্ত্রীর

৩। শ্রীলঙ্কার সঙ্গে মুক্ত বাণিজ্য চুক্তি হলে রপ্তানি বাড়বে : বাণিজ্যমন্ত্রী

৪। উন্নয়ন প্রকল্প নির্ধারিত সময়ে সম্পন্ন করুন : স্বাস্থ্যমন্ত্রী

৫। প্রধানমন্ত্রীর কাছে বিশ্বব্যাংকের ক্ষমা চাইতে হবে : আইনমন্ত্রী

৬। রাষ্ট্রীয় পর্যায়ে রক ফসফেট এবং ফসফরিক এসিড আমদানির জন্য জর্ডানের সঙ্গে চুক্তি স্বাক্ষর

৭। বেসরকারি বিশ্ববিদ্যালয় নিজস্ব ক্যাম্পাসে না গেলে ভর্তি বন্ধ : শিক্ষামন্ত্রী

৮। আগামী এপ্রিল মাসে কক্সবাজার মেরিন ড্রাইভ সড়ক উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী

৯। দেশের সব ভূমি অফিসে বসছে সিসি ক্যামেরা : ভূমি প্রতিমন্ত্রী

১০। বাংলাদেশ সরকারের প্রথম নারী প্রধান তথ্য কর্মকর্তা
হিসেবে কামরুন নাহার এর তথ্য অধিদফতরে যোগদান

১১। ঋণের সুদহার বাড়াতে হলে এক মাস আগে জানাতে হবে : বাংলাদেশ ব্যাংকের সার্কুলার

১২। একুশ পদক পেলেন ১৭ বিশিষ্টজন

চলমান পাতা-২

১। সততার শক্তি ছিল বলেই চ্যালেঞ্জ নিয়েছিলাম : পদ্মা সেতু প্রসঙ্গে প্রধানমন্ত্রী

পদ্মা সেতু প্রকল্পে দুর্নীতির ষড়যন্ত্রের অভিযোগ প্রসঙ্গে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, সততার শক্তি ছিল বলেই বিশ্বব্যাংকের ওই অভিযোগকে চ্যালেঞ্জ জানাতে পেরেছিলেন তিনি। প্রধানমন্ত্রী গতকাল ১২ ফেব্রুয়ারি রোববার সফিপুর আনসার একাডেমিতে বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর (ভিডিপি) ৩৭তম জাতীয় সমাবেশ-২০১৭ উপলক্ষে আয়োজিত দরবারে বলেন, এতকাল পরে আজকে তারা স্বীকার করেছে, কোর্ট বলে দিয়েছে, এখানে তো কোনো দুর্নীতি হয় নাই বরং বিশ্বব্যাংক যে অভিযোগ করেছে তা মিথ্যা ও আষাঢ়ে গল্প। এর মধ্য দিয়ে আন্তর্জাতিক অঙ্গনে বাংলাদেশের মানুষের মানমর্যাদা অনেক বেড়েছে বলে মন্তব্য করেন তিনি। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.৮), **জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **অবজারভার** (শেষ পৃ.,ক.১), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৬)।

সংবাদ, যুগান্তর, অবজারভার, বাংলাদেশ টুডে, ফিনানশিয়াল এক্সপ্রেস, নিউজ টুডেসহ অধিকাংশ পত্রিকা এ বিষয়ে ছবিসহ খবর ছেপেছে।

২। এলসি খোলার ক্ষেত্রে ব্যাংকগুলোকে সতর্ক থাকার পরামর্শ বাণিজ্যমন্ত্রীর

তৈরি পোশাক রফতানির জন্য এলসি খোলার ক্ষেত্রে ব্যাংকগুলোকে সতর্ক থাকার পরামর্শ দিয়েছেন বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ। একই সঙ্গে ব্যাংক পরিচালনার ক্ষেত্রে পরিচালকদের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে বলে উল্লেখ করেন তিনি। গতকাল ১২ ফেব্রুয়ারি রোববার হোটেল সোনারগাঁওয়ে জনতা ব্যাংকের বার্ষিক সম্মেলনে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১৮,ক.২), **সমকাল** (পৃ.১২,ক.১), **ডেইলি সান বিজনেস পাতা** (পৃ.১,ক.২), **এশিয়ান এজ** (পৃ.১১,ক.১)।

৩। শ্রীলঙ্কার সঙ্গে মুক্ত বাণিজ্য চুক্তি হলে রপ্তানি বাড়বে : বাণিজ্যমন্ত্রী

বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ বলেছেন, বাংলাদেশ ও শ্রীলঙ্কা মুক্ত বাণিজ্য চুক্তি (এফটিএ) স্বাক্ষর করতে একমত হয়েছে। এ বিষয়ে বিভিন্ন দিক দিয়ে দ্বিপাক্ষিক আলোচনা চলছে। শ্রীলঙ্কায় বাংলাদেশের কাগজ, ওষুধ ও আলু রপ্তানি বৃদ্ধির বিপুল সম্ভাবনা রয়েছে। এ ক্ষেত্রে শুল্ক জটিলতা একটা বড় বাধা। বাণিজ্যমন্ত্রী গতকাল ১২ ফেব্রুয়ারি রোববার সচিবালয়ে ঢাকায় নিযুক্ত শ্রীলঙ্কার রাষ্ট্রদূত ইয়াসোজা গুণাসেকিরার সঙ্গে মতবিনিময় শেষে একথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৮,ক.১), **সংবাদ** (শেষ পৃ.,ক.৪), **এশিয়ান এজ** (পৃ, ১১,ক.৪), **ফিনানশিয়াল একপ্রেস** (পৃ.১৭,ক.৪)।

৪। উন্নয়ন প্রকল্প নির্ধারিত সময়ে সম্পন্ন করুন : স্বাস্থ্যমন্ত্রী

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী মোহাম্মদ নাসিম মেডিকেল কলেজ, বিশেষায়িত হাসপাতাল নির্মাণসহ স্বাস্থ্যখাতের বিভিন্ন উন্নয়ন প্রকল্প নির্ধারিত মেয়াদের মধ্যে সম্পন্ন করার নির্দেশ দিয়েছেন। তিনি বলেন, সরকারের অর্থ ও সময় অপচয় বন্ধ করতে নির্দিষ্ট মেয়াদের মধ্যে নির্মাণ কাজসহ যে কোনো উন্নয়নের কাজ শেষ করতে হবে। দেশের উন্নয়নের স্বার্থে অপচয় রোধ করতে হলে নির্ধারিত সময়ের অতিরিক্ত সময় প্রার্থনা করার সংস্কৃতি থেকে বেরিয়ে আসতে হবে। গতকাল ১২ ফেব্রুয়ারি রোববার সচিবালয়ে স্বাস্থ্যখাতের বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের অগ্রগতি পর্যালোচনা সভায় সভাপতিত্বকালে তিনি এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৫), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৩)।

৫। প্রধানমন্ত্রীর কাছে বিশ্বব্যাংকের ক্ষমা চাইতে হবে : আইনমন্ত্রী

পদ্মা সেতু প্রকল্পে দুর্নীতির অভিযোগ তোলায় প্রধানমন্ত্রী শেখ হাসিনার কাছে বিশ্বব্যাংককে ক্ষমা চাইতে হবে বলে মন্তব্য করেছেন আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রী আনিসুল হক। কানাডার আদালতের রায়ে দুর্নীতির ষড়যন্ত্রের অভিযোগ খারিজের পর গতকাল ১২ ফেব্রুয়ারি রোববার জাতীয় সংসদের ১৪তম অধিবেশনের ১৫তম কার্যদিবসে অনির্ধারিত আলোচনায় অংশ নিয়ে আইনমন্ত্রী এ মন্তব্য করেন। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৫), **ভোরের কাগজ** (পৃ.১,ক.২), **নিউজ টুডে** (পৃ.১,ক.১), **এশিয়ান এজ** (পৃ,১,ক.৮)।

৬। রাষ্ট্রীয় পর্যায়ে রক ফসফেট এবং ফসফরিক এসিড আমদানির জন্য জর্ডানের সঙ্গে চুক্তি স্বাক্ষর

রাষ্ট্রীয় পর্যায়ে রক ফসফেট এবং ফসফরিক এসিড আমদানির জন্য সমঝোতা স্মারক (এমওইউ) স্বাক্ষর করেছে বাংলাদেশ ও জর্ডান। এতে বিসিআইসির চেয়ারম্যান ও জর্ডানের ফসফেট মাইনস কোম্পানির প্রধান নির্বাহী কর্মকর্তা স্বাক্ষর করেন। এ সময় জর্ডান সফররত শিল্পমন্ত্রী আমির হোসেন আমু এবং জর্ডানের বাণিজ্য ও শিল্পমন্ত্রী ইয়ারুব কুদাহ উপস্থিত ছিলেন। সম্পতি জর্ডানের রাজধানী আম্মানে এ স্বাক্ষর অনুষ্ঠিত হয়। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৮,ক.৮), **অবজারভার** (পৃ.১৭,ক.১), **এশিয়ান এজ** (পৃ.১১,ক.৫)।

৭। বেসরকারি বিশ্ববিদ্যালয় নিজস্ব ক্যাম্পাসে না গেলে ভর্তি বন্ধ : শিক্ষামন্ত্রী

যেসব বেসরকারি বিশ্ববিদ্যালয় এখনো নিজস্ব ক্যাম্পাসে যায়নি, সেগুলোতে নুতন শিক্ষার্থী ভর্তি বন্ধসহ

আইনি ব্যবস্থা নেওয়া হবে বলে হুঁশিয়ারি করেছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। ইনডিপেনডেন্ট ইউনিভার্সিটি, বাংলাদেশের ১৮তম সমাবর্তনে সভাপতির বক্তৃতায় শিক্ষামন্ত্রী এই হুঁশিয়ারি দেন। গতকাল ১২ ফেব্রুয়ারি রোববার রাজধানীর বসুন্ধরায় বিশ্ববিদ্যালয়ের নিজস্ব ক্যাম্পাসে অনুষ্ঠিত সমাবর্তনে আচার্য ও রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের প্রতিনিধি হিসেবে সভাপতিত্ব করেন শিক্ষামন্ত্রী। সমাবর্তনে ১ হাজার ৪১৯ জন শিক্ষার্থীকে স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি দেওয়া হয়। সূত্র-**প্রথম আলো** (পৃ.৫,ক.৬), **সমকাল** (শেষ পৃ.,ক.৪), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৪), **ডেইলি সান** (পৃ.৩,ক.৫)।

৮। আগামী এপ্রিল মাসে কক্সবাজার মেরিন ড্রাইভ সড়ক উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী

আগামী এপ্রিল মাসে প্রধানমন্ত্রী শেখ হাসিনা উদ্বোধন করবেন কক্সবাজার মেরিন ড্রাইভ সড়ক। ইতোমধ্যে ৭৮ কিলোমিটার দীর্ঘ মেরিন ড্রাইভ সড়কের কাজ শেষের পথে। ২ কিলোমিটার মিসিং লিংকের কাজ দ্রুত শুরু হবে। সড়কটি পর্যটন বিকাশে ভূমিকা রাখবে বলে জানিয়েছেন সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। গতকাল ১২ ফেব্রুয়ারি রোববার লিংকরোড মোড়, জাতীয় মহাসড়কের (এন-১১০) কলাতলী (ডলপিন স্কয়ার) হতে সমুদ্র সৈকত পর্যন্ত সড়কের সৌন্দর্যবর্ধণ ও প্রশস্তকরণ কাজের উদ্বোধন শেষে মন্ত্রী এ কথা বলেন।

সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৬), **ভোরের কাগজ** (শেষ পৃ.,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.১), **নিউজ টুডে** (পৃ.১,ক.১)।

৯। দেশের সব ভূমি অফিসে বসছে সিসি ক্যামেরা : ভূমি প্রতিমন্ত্রী

মন্ত্রণালয় থেকে সার্বিক কার্যক্রম তদারক করতে দেশের সব ভূমি অফিসে ক্লোজ সার্কিট (সিসি) ক্যামেরা বসানো হবে বলে জানিয়েছেন ভূমি প্রতিমন্ত্রী সাইফুজ্জামান চৌধুরী জাবেদ। গতকাল ১২ ফেব্রুয়ারি রোববার চট্টগ্রাম নগরীর বাকলিয়া ভূমি অফিসে হঠাৎ পরিদর্শনে গিয়ে তিনি বলেন, দেশের ভূমি অফিসগুলোতে সিসি ক্যামেরা বসানোর জন্য একটি প্রকল্প বাস্তবায়নের উদ্যোগ নিয়েছি। এর মাধ্যমে মন্ত্রণালয়ে বসে ভূমি অফিসগুলোতে নজরদারির পাশাপাশি, কারা কারা অনিয়ম করছে তা দেখা হবে। গ্রাম পর্যায়ের ভূমি অফিসগুলোকেও এ প্রকল্পের আওতায় আনা হবে। এ সময় অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) আবদুল জলিলসহ জেলা প্রশাসন ও ভূমি অফিসের ঊর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৭), **ভোরের কাগজ** (পৃ.৩,ক.২)।

১০। বাংলাদেশ সরকারের প্রথম নারী প্রধান তথ্য কর্মকর্তা হিসেবে কামরুন নাহার এর তথ্য অধিদফতরে যোগদান

বাংলাদেশ সরকারের প্রথম নারী প্রধান তথ্য কর্মকর্তা হিসেবে কামরুন নাহার গতকাল ১২ ফেব্রুয়ারি রোববার তথ্য অধিদফতরে যোগদান করেছেন। এর মধ্য দিয়ে প্রথমবারের মতো একজন নারী প্রধান তথ্য কর্মকর্তা পেল তথ্য অধিদফতর। তিনি বিসিএস ১৯৮৪ নিয়মিত ব্যাচের একজন কর্মকর্তা। এর আগে তিনি গণযোগাযোগ অধিদপ্তরের মহাপরিচালক ছিলেন। চাকরিজীবনে ৩১ বছর ধরে সরকারের বিভিন্ন দপ্তরে গুরুত্বপূর্ণ পদে সততা ও দক্ষতার সঙ্গে দায়িত্ব পালন করেন তিনি। কামরুন নাহার চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তরের মহাপরিচালক, বাংলাদেশ ফিল্ম আর্কাইভের মহাপরিচালক, ফিল্ম সেন্সর বোর্ডের ভাইস চেয়ারম্যানসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে ছিলেন। গতকাল ১২ ফেব্রুয়ারি তথ্য অধিদফতরের সদ্য বিদায়ী প্রধান তথ্য কর্মকর্তা ড. মোহাম্মদ জাহাঙ্গীর হোসেনকে কর্মজীবন শেষ করায় সংবর্ধনা প্রদান করা হয় এবং নবনিযুক্ত প্রধান তথ্য কর্মকর্তা কামরুন নাহারকে আনুষ্ঠানিকভাবে বরণ করে নেওয়া হয়। সূত্র-**সমকাল**(পৃ.২,ক.১), **প্রথম আলো** (পৃ.৩,ক.১), **সংবাদ** (পৃ.২,ক.৬), **যুগান্তর** (পৃ.৩,ক.৮), **ভোরের কাগজ** (শেষ পৃ.,ক.৮), **ডেইলি সান** (পৃ.২,ক.১), **অবজারভার** (পৃ.২,ক.১), **বাংলাদেশ টুডে** (পৃ.৩,ক.৫) ।

১১। ঋণের সুদহার বাড়াতে হলে এক মাস আগে জানাতে হবে : বাংলাদেশ ব্যাংকের সার্কুলার

চেক প্রতারণা, জাল-জালিয়াতি ও যখন-তখন সুদ আরোপের বিষয়ে কঠোর অবস্থান নিয়েছে বাংলাদেশ ব্যাংক। প্রতিষ্ঠানটি বলেছে, এখন থেকে ব্যাংক ঋণের সুদ হার বাড়াতে হলে এক মাস আগে জানাতে হবে। মেয়াদ পূর্তির আগে ঋণে সমন্বয় করলে কোনো ফি নেওয়া হবে না। এছাড়া গ্রাহকের কাছ থেকে ফাঁকা চেকও নেওয়া যাবে না। গতকাল ১২ ফেব্রুয়ারি রোববার এ সংক্রান্ত সার্কুলার সব বাণিজ্যিক ব্যাংকের এমডির কাছে পাঠানো হয়েছে। সার্কুলারে বলা হয়েছে, যেসব মেয়াদি ঋণের সুদহার (ইসলামী ব্যাংকের পরিভাষায় বিনিয়োগের ওপর মুনাফার হার) পরিবর্তনশীল সে ক্ষেত্রে সুদ বা মুনাফার হার বাড়াতে হলে তার যৌক্তিকতা তুলে ধরে গ্রাহককে এক মাস সময় দিয়ে নোটিশ দিতে হবে। সূত্র-**যুগান্তর** (শেষ পৃ ,ক.২), **সমকাল** (পৃ.১২,ক.১), **ইনকিলাব** (শেষ পৃ.,ক.৫)।

১২। একুশ পদক পেলেন ১৭ বিশিষ্টজন

দেশের বিভিন্ন ক্ষেত্রে গুরুত্বপূর্ণ অবদানের স্বীকৃতি হিসেবে ১৭ বিশিষ্ট নাগরিককে একুশে পদক দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে সরকার। গতকাল ১২ ফেব্রুয়ারি রোববার সংস্কৃতি মন্ত্রণালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এবারের পদকপ্রাপ্ত এই ১৭ জনের নাম ঘোষণা করা হয়েছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা আগামী ২০ ফেব্রুয়ারি রাজধানীর

ওসমানী স্মৃতি মিলনায়তনে আনুষ্ঠানিকভাবে তাদের হাতে এ পদক তুলে দিবেন। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.২), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **এশিয়ান এজ** (পৃ.১,ক.১)**, অবজারভার** (শেষ পৃ.,ক.৭)।

সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** আন্তর্জাতিক আইন অনুযায়ী কপিরাইট নিবন্ধন বাধ্যতামূলক হলেও আমাদের আইন অনুযায়ী কপিরাইট নিবন্ধন বাধ্যতামূলক না হওয়ায় পাইরেসিমূলক যে কোনো সমস্যার প্রতিকারে স্বত্ব নিবন্ধন ও কপিরাইট আইনের বাস্তবায়নের ওপর গুরুত্বারোপ।

খ. **সংবাদ, সমকাল, প্রথম আলো, ডেইলি সান, ইন্ডিপেনডেন্ট :** পদ্মা সেতু প্রকল্পে দুর্নীতি ষড়যন্ত্রের প্রমাণ পাওয়া যায়নি বলে কানাডার আদালত যে রায় দিয়েছে তার পরিপ্রেক্ষিতে বাংলাদেশ সরকারকে বিশ্বব্যাংকের কাছে এ বিষয়ে ব্যাখ্যা চাওয়ার সুপারিশ।

গ. **প্রথম আলো, ইত্তেফাক, নিউ নেশন :** বিগত দুইদিনে সড়ক দুর্ঘটনায় শতাধিক হতাহতের ঘটনা তুলে ধরে দেশের সড়ক-মহাসড়কগুলোতে শৃঙ্খলা ফিরিয়ে আনতে কঠোর আইনি পদক্ষেপ নেওয়ার আহ্বান।

ঘ. **সমকাল :** ময়মনসিংহের ঈশ্বরগঞ্জ উপজেলার নির্বাহী কর্মকর্তাকে ফেসবুকে হত্যার হুমকি দেওয়ার বিষয় তুলে ধরে প্রযুক্তির অপব্যবহারে জড়িত অপরাধীচক্রকে দ্রুত খুঁজে বের করে শাস্তি নিশ্চিত করে এ বিষয়ে জনমত সৃষ্টির ওপর গুরুত্বারোপ।

ঙ. **যুগান্তর :** মোটা চালের অস্বাভাবিক মূল্য বৃদ্ধিতে জড়িত সিন্ডিকেটের কারসাজি বন্ধে কঠোর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

চ. **ইনকিলাব :** সম্প্রতি রাজধানীতে ছিনতাইয়ের ঘটনা বেড়ে যাওয়ায় নাগরিক জীবনের নিরাপত্তায় উদ্বেগ প্রকাশ করে সংশ্লিষ্টদের এ বিষয়ে কার্যকর পদক্ষেপ নেওয়ার প্রত্যাশা।

ছ. **ইন্ডিপেনডেন্ড :** দেশের প্রায় সব ভূমি অফিসের দুর্নীতি ও জালিয়াতির ঘটনার অবসানে অসৎ কর্মকর্তা ও কর্মচারীদের বিরুদ্ধে আইনি পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

জ. **ডেইলি সান :** সমাজে মাদকাসক্তের সংখ্যা বেড়ে যাওয়ায় উদ্বেগ প্রকাশ করে পারিবারিক বন্ধন দৃঢ় করাসহ সরকারি-বেসরকারি পর্যায়ে মাদকাসক্তের চিকিৎসা ও পুনর্বাসনের সহায়তায় এগিয়ে আসার আহ্বান।

ঝ. **ডেইলি স্টার :** ঝিনাইদহ ও পঞ্চগড়ে এক জাপানী মহিলার আর্থিক সহায়তায় মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষায় শতাধিক নারীর শিক্ষাকার্যক্রম চলার মহতী ঘটনা তুলে ধরে এ কাজে অন্যদেরও এগিয়ে আসার আহ্বান।

ঞ. **নিউজ টুডে :** ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসের নিরাপত্তায় পুলিশের সংখ্যা বাড়ানোসহ সম্পূর্ণ ক্যাম্পাসকে সিসিটিভির আওতায় নিয়ে আসার ওপর গুরুত্বারোপ করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

উপ-সম্পাদকীয়

সমকাল পত্রিকায় প্রকাশিত কলামে পদ্মা সেতুর মহতী উদ্যোগ সফল করতে গিয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশবাসীকে যে পদ্মা সেতু স্পিরিট উপহার দিয়েছেন তা সমুন্নত থাকার প্রত্যাশা ব্যক্ত করা হয়েছে।

#

ডালিয়া/শুকলা/মরজিনা/রশীদ/২০১৭/৯.০০ ঘণ্টা